

তারিখ : 31/07/2017

ভারতীয় রিজার্ভ ব্যাংক ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ায় উপর আর্থিক জরিমানা আরোপ করল

আর বি আই –এর জারি করা “আপনার গ্রাহককে জানুন (KYC)” নীতি অনুপালন না করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক জুলাই 26, 2017 তারিখে ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ায় উপর ₹ 10 মিলিয়ন আর্থিক জরিমানা আরোপ করল। ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 47A(1)(c) তৎসহ পঠিত ধারা 46(4)(i) –এর অধীনে, তার উপর ন্যস্ত ক্ষমতাবলে আর বি আই দ্বারা জারি করা নির্দেশ অনুপালন না করার জন্য এই জরিমানা আরোপ করা হয়েছে।

এই ব্যবস্থা নেওয়া হয়েছে নিয়ন্ত্রণমূলক অনুপালনের খামতির কারণে এবং ওই ব্যাংকের কোন গ্রাহক লেনদেন বা গ্রাহকের সঙ্গে ওই ব্যাংকের স্বাক্ষরিত চুক্তির বৈধতার সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

পটভূমি

আর বি আই, ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ায় কিছু অ্যাকাউন্ট থেকে প্রচুর টাকার নগদ অর্থের ওঠানো সংক্রান্ত একটি অভিযোগ পেয়েছিল। এই বিষয়ে প্রাপ্ত নথিপত্র পরীক্ষা করার পর ওই ব্যাংককে একটি কারণ দর্শানোর সূচনা জারি করে জানতে চাওয়া হয় যে আর বি আই দ্বারা জারি করা নির্দেশ অনুপালনের জন্য কেন তাদের উপর আর্থিক জরিমানা আরোপ করা হবে না।

ব্যাংকটির উত্তর, ব্যক্তিগত শুনানিতে তাদের পেশ করা নিবেদন এবং তাদের জমা করা অতিরিক্ত তথ্যাদি এবং নথি পর্যালোচনার পর আর বি আই এই সিদ্ধান্তে এসেছে যে, আর বি আই-এর নির্দেশ অনুপালনের উপরোক্ত অভিযোগটি প্রতিষ্ঠিত এবং এই আর্থিক জরিমানা আরোপ যথাযথ।

প্রেস প্রকাশনি : 2017-2018/295

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা